

শ্রীশ্রীহরি সঙ্গীত

পঞ্চ রসে গিল্টি করা নব রসাশ্রয়।

আছে ভক্তি মাখা স্বরে ঢাকা, অনুরাগ সু-তার বেঞ্জেছে।।

(হারে তার বেঞ্জেছে)

৩। হরির নাম এমনি রসাল, তত্ত্ব জেনে মহাকাল,

পঞ্চমুখে পান করে নাম, হইয়ে বেহাল।

পিয়ে নামের সুখা, ভব ক্ষুধা, জন্ম মৃত্যু ঘুচায়েছে।।

(হারে জয় করেছে)

৪। অনর্পিত ছিল হরির নাম, দয়াকরি হরি গুণধাম,

কলির জীব বিলাইল, কেউরে না হয় বাম।

তইতে শিব, হ'তে জীব, ধন্য মানি হরির নাম প্রাপ্ত হয়েছে।।

(হারে প্রাপ্ত হয়েছে)

৫। ন'দের চাঁদ ছিল হরিচাঁদ, জীবের কাটতে মায়া ফাঁদ,

শ্রীচরণে কোটি চন্দ্র ঘুচল চিত্ত আঁধ।

বলে মহানন্দ গেল সন্দ, অশ্বিনী কেন কাঁদিস মিছে।।

(হারে ভাবিস মিছে)

৩৪ নং তাল-ঠুংরী

হরিচাঁদের অপার লীলারে, লীলা বুঝবে সাধ্য কার।

ল'য়ে নিজ নারী ব্রহ্মচারী ঘুচাইতে ব্যভিচার।।

১। আপনি হইয়া নশ্র, জীবকে শিক্ষা দিতে ধর্ম,

পুনঃ হ'লেন অবতার।

গার্হস্থ্য প্রশস্ত ধর্ম

জগতে করলেন প্রচার।।

২। জীবে দয়া নামে রুচি,

*গুরু নিষ্ঠা সর্ব্ব শুচি,

ক'রলেন এই তত্ত্ব সার।

হ'য়ে সত্যবাদী জিতেন্দ্রিয় ঘুচাইলেন অহঙ্কার।।

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের পুত্র গুরুচাঁদ।